

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
[কাস্টমস: অটোমেশন শাখা]

অতিরিক্ত
২২
০৬/০৫/২২

নথি নং: ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০/৩৫৫

তারিখ: ০২.০৬.২০২২ খ্রি.


বিষয়: অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে AIN/BIN নিষ্ক্রিয়করণ সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমদানি-রপ্তানি প্রক্রিয়া সহজীকরণ এবং দ্রুততম সময়ে ঝুঁকি হ্রাসপূর্বক রাজস্ব আহরণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস কর্তৃক অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম ব্যবহৃত হচ্ছে। অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিভিন্ন অংশীজনদের মৌলিকভাবে চিহ্নিতকরণের লক্ষ্যে AIN (Agent Identification Number) এবং BIN (Business Identification Number) ব্যবহৃত হয়। উল্লেখ্য, AIN অ্যাসাইকুডা সিস্টেমে সৃজন করা হলেও BIN Number অ্যাসাইকুডা সিস্টেমে সৃজন করা হয় না। এ সংক্রান্ত সকল ধরনের কার্যক্রম জাতীয় রাজস্ব বোর্ডের অধীন আইভাস (IVAS) অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট কর্তৃক সম্পাদিত হয়ে থাকে এবং উক্ত দপ্তর সংশ্লিষ্ট সিস্টেমে Importer কিংবা Exporter অথবা Importer, Exporter সমেত অন্য যে কোন ক্যাটাগরিতে নিবন্ধিত হলে কিংবা পরবর্তীতে ক্যাটাগরি পরিবর্তন করে Importer, Exporter করা হলে তা রিয়েল টাইম ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে উক্ত ইউনিটের সিস্টেম হতে অ্যাসাইকুডা সিস্টেমে অন্তর্ভুক্ত হয়ে থাকে। যেহেতু, আইভাস (IVAS) অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট সিস্টেমে BIN এর নিবন্ধন প্রদান এবং রক্ষণাবেক্ষণ এর কার্য সম্পাদন করে থাকে সেহেতু, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে BIN সংযোজন-বিয়োজন করা হলে সিস্টেমের স্বকীয়তা বজায় থাকে না। এছাড়া, এ ধরনের সংযোজন, বিয়োজন রাজস্ব আহরণের জন্য ঝুঁকিস্বরূপ।

০২। অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের Reference Module হতে AIN/BIN এর স্ট্যাটাস পরিবর্তনসহ অন্যান্য কার্যক্রম সম্পাদন করার সুবিধা বিদ্যমান। লক্ষ্যণীয় যে, Reference Module এর Company/Declarant এর স্ট্যাটাস inactive করা হলে সংশ্লিষ্ট BIN বা AIN এর তথ্যাদি অ্যাসাইকুডা সিস্টেমে সাধারণভাবে খুঁজে পাওয়া যায় না এবং পরবর্তীতে স্ট্যাটাসের পুনঃপরিবর্তন (Active) যৌক্তিক কারণেই "Reference Module" হতে করা সম্ভব হয় না। অধিকন্তু, পাইপলাইনে থাকা বিল অব এন্ট্রি/বিল অব এক্সপোর্টের কার্যক্রমও সম্পন্ন করা যায় না। পাইপলাইনে থাকা বিল অব এন্ট্রি/বিল অব এক্সপোর্টের কার্যক্রম সম্পন্ন করার জন্য পুনরায় BIN টি inactive করার তারিখ হতে পুনঃকার্যকর করার প্রয়োজন হয়, যা সিস্টেম পর্যায়ে নানাবিধ জটিলতার সৃষ্টি করে। এধরণের চর্চা স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের জন্য ঝুঁকিপূর্ণ। অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে কোন স্টেকহোল্ডারের AIN/BIN সাময়িক স্থগিত রাখতে হলে তা সিস্টেমের Selectivity মডিউলের Selectivity List এর AIN/BIN এর মাধ্যমে সম্পাদন করাই সহজ, নিরাপদ এবং বাস্তবসম্মত।

০৩। অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এবং আইভাস (IVAS) অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট সিস্টেম দুটি সম্পূর্ণ আলাদা সিস্টেম এবং সিস্টেম দুটোর কার্যপরিধিও আলাদা। যদি কোন প্রতিষ্ঠানের BIN পুরোপুরি নিষ্ক্রিয় করার প্রয়োজন হয় সেক্ষেত্রে আইভাস (IVAS) অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট সিস্টেম হতে BIN নিষ্ক্রিয় করা সমীচীন। একইভাবে AIN

স্থায়ীভাবে নিষ্ক্রিয় করার জন্য অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের Reference Module ব্যবহার সমীচীন। কোন প্রতিষ্ঠানের BIN সাময়িক স্থগিত রাখার লক্ষ্যে ঝুঁকি নিরূপণভিত্তিক ডিজিটাল কাস্টমস ইকোসিস্টেম গড়ে তোলা এবং শুদ্ধায়ন ব্যবস্থায় ন্যায্যনুগতা প্রতিষ্ঠার লক্ষ্যে Reference Module হতে AIN/BIN এর স্ট্যাটাস পরিবর্তন না করে Selectivity মডিউল ব্যবহারের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


02.06.2022
[রাকিবুল হাসান]

প্রথম সচিব

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ফোন- ০২-৪৮৩১৮১২০-৬/এক্স- ৪১১

ই-মেইল- ss.asycuda@gmail.com

কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১-০৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/আইসিডি, কমলাপুর/বেনাপোল/পানগাঁও/মোংলা।
০৭-১৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট [ঢাকা (পশ্চিম)/সিলেট/কুমিল্লা/রাজশাহী/রংপুর/যশোর
খুলনা/চট্টগ্রাম]।

১৫-১৬। কমিশনার অব কাস্টমস, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।
২. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, মগবাজার, ঢাকা।
৩. মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা।
৪. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।